

# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

মেহেদী সুপার মার্কেট, বড়বাজার সড়ক, সাতক্ষীরা।

ফোন: ০২৪৭৭৭৪২০২৫, E-mail: crmsatkhira@krishibank.org.bd



সূত্রঃ ৫৩.১১.২০১৫.২১৫.৬৬.১৭.২০২৪- ১৮৬৬

তারিখঃ- ১০/০১/২০২৪ ইং

## অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ সময়কালের (অর্থবছরঃ ২০২৩-২০২৪) ২য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ রিয়াজুল ইসলাম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।  
তারিখ ও সময় : ১০ জানুয়ারি ২০২৪, বিঃ ৩.০০ ঘটিকায়।  
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা।  
উপস্থিতি : প্রতিবেদন প্রস্তুতকারী ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।

সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্থবছরের ২য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি ২য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার বাস্তবায়নকৃত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করেন।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ফিরোজ আহমেদ ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় প্রান্তিকের সভা পরিচালনা করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা পূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

- ৩.১। প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ হতে সময়ে সময়ে চাহিত বিভিন্ন প্রতিবেদনসমূহ যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৩.২। করেনা মহামারী রোধকল্পে সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কর্মসূচী যথাযথ ব্যক্তি ও খাতক চিহ্নিতপূর্বক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ৩.৩। গ্রাহক সেবা নিশ্চিতকল্পে আরো দ্রুততা ও বুদ্ধিমত্তা প্রদর্শন করতে হবে।
- ৩.৪। ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কাজ হতে বিরত থাকতে হবে।
- ৩.৫। ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- ৩.৬। ০৩ নং ক্রমিকের সকল সিদ্ধান্ত অত্র মুখ্য অঞ্চলাধীন ১৭ (সতের) টি শাখা ও কার্যালয়ে পরিপালনের জন্য অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রিয়াজুল ইসলাম)  
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও

সভাপতি

নৈতিকতা কমিটি

বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা